গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়,হাতীবান্ধা,লালমনিরহাট।
doict.hatibandha.lalmonirhat.gov.bd

# সভার কার্যবিবরণী ৩১ জুলাই ২০২৫

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শামীম মিঞা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৮ জুলাই,২০২৫ খ্রিঃ |
| সভার সময় | ১১.০০ টা। |
| স্থান | উপজেলা পরিষদ কনফারেন্স রুম। |
| উপস্থিতি | ১৫ |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের ন্যায় প্রযুক্তির উপযুক্ত ব্যবহার ও দেশের অব্যাহত উন্নয়ন নিশ্চিত করার জন্য তথ্যপ্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**<u>সভার আলোচনা এবং সিদ্ধান্তসমূহ:</u>**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সম্পর্কে ধারনা প্রদান ও এর কার্যাবলী তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মুস্তাছির আহম্মেদ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলী তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলী যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে প্রযুক্তিনির্ভর জনগণবান্ধব প্রশাসন প্রতিষ্ঠায় সচেষ্ট হতে হবে। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীনে উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম এবং সর্বশেষ পরিস্থিতি তুলে ধরা হয়। | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম ভালোভাবে শেষ করার জন্য সকলের সহযোগিতা আশা করা হয়। | ইডিসি প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ইডিসি প্রকল্পের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ কার্যক্রম। | ইডিসি প্রকল্পের আওতায় মোট ২৭৮টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ৯৮টি প্রতিষ্ঠানে সংযোগ প্রদান সম্পন্ন হয়েছে। অবশিষ্ট সংযোগ কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | অবশিষ্ট ১৮০টি প্রতিষ্ঠানে দ্রুত ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকল্পের অগ্রগতি নিয়মিত তদারকি করার দায়িত্ব সহকারী প্রোগ্রামারকে দেওয়া হয়। | ইডিসি প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৪ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ না থাকায় অবিলম্বে দপ্তর ভিত্তিক হালনাগাদ করার জন্য ট্রেনিং এর আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানদের নিয়ে একটি ট্রেনিং এর আয়োজন করা হবে । | ইউএনও, উপজেলা পরিষদ,সহকারী প্রোগ্রামার |
| ০৫ | ডি-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারি অফিসের কাজে গতি বৃদ্ধির লক্ষ্যে এবং পেপার লেস অফিস বিনির্মাণের লক্ষ্যে ডি-নথির কার্যক্রম অতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত প্রকাশ করেন। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ডি-নথির কার্যক্রম পরিচালনা করবেন এবং ডি নথি বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে । | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান ও সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৬ | আইসিটিডি ল্যাব পরিদর্শন | স্কুল, কলেজ, মাদ্রাসা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত আইসিটিডি ল্যাব আইসিটি শিক্ষা প্রসারে গুরুত্বপূY© ভূমিকা পালন করে আসছে। আইসিটি শিক্ষার বিকল্প নাই, সুতরাং আইসিটিডি ল্যাবের মাধ্যমে ছাত্র ছাত্রীরা আইসিটি শিক্ষা গ্রহণ করে নিজেদের দক্ষতা বৃদ্ধি করতে পারছে। | ১।তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সহকারী প্রোগ্রামার আইসিটিডি ল্যাব পরিদর্শনের সময় শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বিভিন্ন আইসিটি মুলক জ্ঞান বিতরণ করবেন<br>২।স্থানীয় বেকার যুবক যুবতীদের আইসিটি সম্পর্কিত ট্রেনিং দেয়ার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ,মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৭ | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার | সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে জনগণকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহনে করণীয় বিষয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | ১।প্রতেকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হবেন এবং মন্ত্রীপরিষদ এর নীতিমালা অনুসারে সামজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করবেন।<br>২।সরকার বিরোধী কোন স্ট্যাটাস,কমেন্ট,শেয়ার দেয়া থেকে বিরত থাকবেন এবং সরকার বিরোধী কোন গুজব থেকে জনগণ কে সচেতন করবেন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল অফিসার |
| ০৮ | সেবা পদ্ধতি সহজীকরণ | সভায় নাগরিক সেবা সহজীকরণ বিষয়ে বিশদ আলোচনা করা হয়। প্রান্তিক জনগণ ঘরে বসেই যেন নাগরিক সেবা পেতে পারেন এ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সেখানে দপ্তরের কার্যাবলী ও যোগাযোগ নম্বর আপডেট রাখতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

সভাপতি উপস্থিত সকলের সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, প্রযুক্তিনির্ভর, দক্ষ জনশক্তি গড়ে তোলা এবং স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রশাসন প্রতিষ্ঠা বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। এ লক্ষ্য বাস্তবায়নে মাঠপর্যায়ে সরকার গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।তিনি আরও বলেন, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ হতে সাধারণ জনগণ যাতে সহজে ও স্বল্প খরচে সেবা ও কম্পিউটার প্রশিক্ষণ নিতে পারেন, সে বিষয়ে সকলকে সচেতন ও আগ্রহী করতে হবে।পরিশেষে, দেশ ও জনগণের কল্যাণে সবাই যেন সম্মিলিতভাবে কাজ করে, সেই আহ্বান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-০৮-২০২৫
মোঃ শামীম মিঞা
উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৫২৩৩.০০০.০০০.০৬.০০০১.২৫.১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
২। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট।

০৬-০৮-২০২৫
মুন্তাছির আহম্মেদ
উপজেলা আইসিটি অফিসার(সহকারী প্রোগ্রামার)